The Daily Star

তারিখ 29 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল - ১৯০২

## দ্বিতীয় সমাবর্তন - ২০১৬

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন ১৩ নভেম্বর ২০১৬ রবিবার বেলা ২:০০ টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। সমাবর্তনে নিম্নে উল্লেখিত সালের গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তগণ অংশগ্রহণ করতে পারবেন:

০১। ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের বিএসসি (অনার্স/ইঞ্জি.)/বিবিএ ডিগ্রিপ্রাপ্তগণ (এফটিএনএস বিভাগ ব্যতীত) যাদের ফলাফল ২৫ সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে প্রকাশিত হয়েছে; এফটিএনএস বিভাগের ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের বিএসসি (অনার্স) ডিগ্রিপ্রাপ্তগণ যাদের ফলাফল ২৫ সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে প্রকাশিত হয়েছে।

০২। ২০১০ (ইএসআরএম ও সিপিএস বিভাগ ব্যতীত), ২০১১ (ইএসআরএম বিভাগ ব্যতীত), ২০১২, ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের এমএস/এমএসসি (ইঞ্জি.)/এম ইঞ্জি. ডিগ্রিপ্রাপ্তগণ যাদের ফলাফল ২৫ সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে প্রকাশিত হয়েছে।

উপরোল্লিখিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তদের সমাবর্তনে অংশগ্রহণ করার জন্য আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৬ বুধবার থেকে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস/ঢাকাস্থ লিয়াজোঁ অফিস [আলামিন আপন হাইট্স, ফ্ল্যাট # ডি-১২, (লিফটে ১৩ তলা) এইচ-২৭/১/বি. রোড নং # ০৩. শ্যামলী, ঢাকা] হতে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দ্বিতীয় সমাবর্তন ২০১৬ এর জন্য নির্ধারিত দু'টি ফরম সংগ্রহ এবং জমা দেয়া যাবে। অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.mbstu.ac.bd হতেও ফরম দু'টি সংগ্রহ করা যাবে।

রেজিস্ট্রেশন ফি-

ক) বিএসসি (অনার্স/ইঞ্জি.)/বিবিএ ডিগ্রি প্রাপ্তদের ৩,০০০/– (তিন হাজার) টাকা
খ) এমএস/এমএসসি (ইঞ্জি.)/এম ইঞ্জি. ডিগ্রি প্রাপ্তদের ৩,০০০/– (তিন হাজার) টাকা
গ) বিএসসি (অনার্স/ইঞ্জি.) ও এমএস/এমএসসি (ইঞ্জি.)/এম ইঞ্জি. ডিগ্রি প্রাপ্তদের একত্রে ৩,৫০০/–(তিন হাজার পাঁচ শত) টাকা

**আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ হতে ২৫ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত** সোনালী ব্যাংক লি:, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় সরাসরি অথবা অনলাইনের আওতাভুক্ত সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে **মাভাবিপ্রবি ২য় সমাবর্তন- ২০১৬, চলতি হিসাব নম্বর ৬০৩০১০২০০০১২৭** এ জমা দেয়া যাবে। বর্ণিত সালসমূহে উত্তীর্ণ গ্র্যাজুয়েটগণ যারা ইতোপূর্বে মূল সনদপত্র উত্তোলন করেছেন তারা শুধুমাত্র ২,০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে সমাবর্তন রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে পূরণ করে জমা প্রদানপূর্বক সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। মানি অর্ডার/পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে অর্ডার গ্রহণযোগ্য হবে না।

এমএস/এমএসসি (ইঞ্জি.)/এম ইঞ্জি. উত্তীর্ণদের উভয় ক্ষেত্রের অর্থাৎ বিএসসি (অনার্স/ইঞ্জি.) এবং এমএস/এমএসসি (ইঞ্জি.)/এম ইঞ্জি. সনদ গ্রহণ বাধ্যতামূলক (যদি উভয়টিরই মূলসনদ না নিয়ে থাকেন)। সংগৃহীত ফরম দুটি যথাযথভাবে পূরণ করে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, ফি জমা দেয়ার রশিদ ও সাময়িক সনদপত্রের মূলকপিসহ (যদি গ্রহণ করে থাকেন) জমা দিতে হবে।

**আগামী ২৫ অক্টোবর ২০১৬ তারিখের পর কোন ফরম গ্রহণ করা হবে না।** সমাবর্তনে একজন অংশগ্রহনকারী তাঁর সাথে একজন অতিথি (বাবা/মা/স্বামী/স্ত্রী) সঙ্গে আনতে পারবেন। অতিথির জন্য অতিরিক্ত ৫০০/- (পাঁচ শত) টাকা রেজিস্ট্রেশন ফি'র সাথে জমা দিতে হবে।

আগামী ১০ ও ১১ নভেম্বর ২০১৬ প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকেল ৫:০০ টা পর্যন্ত মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ডীন অফিস হতে রেজিস্ট্রেশন ফরম জমা দেয়ার সময় প্রদেয় রশিদ প্রদর্শন করে আমন্ত্রণপত্র সংগ্রহপূর্বক কস্টিউম গ্রহণ করতে হবে। সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটদের অবশ্যই বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট একাডেমিক কস্টিউম পরিধান করতে হবে। উল্লেখ্য, সমাবর্তন মহড়া ১২ নভেম্বর ২০১৬ বিকেল ৩:০০ টায় বিশ্ববিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। সমাবর্তন সংক্রান্ত যে কোন জরুরী প্রয়োজনে সমাবর্তন রেজিস্ট্রেশন উপ-কমিটির আহবায়ক প্রফেসর ড. এ. কে. এম. মহিউদ্দিন (মোবাইল ফোন নম্বর- ০১৭১৮৩৫৯৮৬২)/সদস্য-সচিব ড. মোস্তফা কামাল নাসির (মোবাইল ফোন নম্বর-০১৭১৬০৫৬৯১৫)/সার্টিফিকেট উপ-কমিটির আহবায়ক ড. মোঃ মোস্তাফিজুর রহমান (মোবাইল ফোন নম্বর-০১৫৩৫১৮৯৬৪১) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

মু. হারুন অর রশিদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
টেলিফোনঃ ০৯২১-৬২৪০১

GD- 1930